# Times Today BD

ইমরান হোসেন রাজ | দেশজুড়ে | 04 July, 2025

বিয়েতে রাজি না হওয়ায় যশোরের ঝিকরগাছা উপজেলায় এসিড নিক্ষেপের ঘটনায় এক নারী, এক শিশু ও এক বৃদ্ধা দগ্ধ হয়েছেন। বৃহস্পতিবার (৩ জুলাই) রাত সাড়ে ৮টার দিকে উপজেলার গদখালী গ্রামে এ মর্মান্তিক ঘটনা ঘটে।

আহতরা হলেন–গদখালী গ্রামের জামাত হোসেনের মেয়ে রিপা খাতুন (২৬), তার ছেলে ইয়ানূর (৮) এবং মা রাহেলা বেগম (৪৮)। তিনজনকেই গুরুতর দগ্ধ অবস্থায় যশোর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ঝিকরগাছা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নূর মোহাম্মদ গাজী জানান, একই উপজেলার মঠবাড়ি গ্রামের ফজলুর রহমানের বাড়ির গৃহপরিচারক জসিম উদ্দিন (৩৫) কিছুদিন ধরে স্বামী পরিত্যক্তা রিপা খাতুনকে বিয়ের প্রস্তাব দিয়ে আসছিলেন। কিন্তু রিপা তার প্রস্তাব প্রত্যাখ্যান করেন।

এতে ক্ষিপ্ত হয়ে জসিম বৃহস্পতিবার রাতে রিপাদের বাড়ির জানালা দিয়ে এসিড ছুড়ে পালিয়ে যায়।এতে রিপা ছাড়াও তার ছেলে ইয়ানূর ও মা রাহেলাও এসিডে দগ্ধ হন।

যশোর সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসকরা জানান, তিনজনই এসিডে দগ্ধ হয়েছেন, তবে রিপা খাতুনের অবস্থা আশঙ্কাজনক। তাদের নিবিড় পর্যবেক্ষণে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

পুলিশ জানিয়েছে, ঘটনার পরপরই অভিযুক্ত জসিম উদ্দিন পলাতক রয়েছে।তাকে গ্রেপ্তারের জন্য অভিযান চলছে।এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলেও জানানো হয়েছে।

এসিড নিক্ষেপ দগ্ধ যশোর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:51

URL: https://timestodaybd.com/public/across-the-country/8036144161